

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৬.২০.০৫৪.১৮- ২২০৭

তারিখঃ ৩০-০৪-২০১৯খ্রি.

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের বিভাজন আদেশ জারি প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪৫.২০.০২৬.১৮-৪৪, তারিখঃ ৩০-০৪-২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ(পরিচালন) ১৩৬০৩-যুব উন্নয়ন অধিদপ্তর এর অনুকূলে ২০১৮-২০১৯ অর্থ বছরে সংশোধিত বাজেটে প্রাপ্ত বরাদ্দ এবং মূল বরাদ্দের অবিতরণকৃত অর্থ হতে প্রধান কার্যালয়, ৬৪টি জেলা কার্যালয়, ৪৮৮টি উপজেলা কার্যালয়, ১০টি থানা কার্যালয়, ২৭টি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে নিম্নোক্ত শর্ত ও বিভাজন মোতাবেক ১৭,৮৩,৫৩,৮০০/- (সতেরো কোটি তিরিশি লক্ষ তেপান্ন হাজার আটশত) টাকার বিভাজন আদেশ জারি করা হলো :


ক্রমিক নং	কার্যালয়ের নাম	টাকার পরিমাণ
০১	প্রধান কার্যালয়	৮২০৪০০০.০০
০২.	জেলা কার্যালয়সমূহ	৪৫৬৩১০০০.০০
০৩.	উপজেলা কার্যালয়সমূহ	১১৫৪৩৭৯০০.০০
০৪.	থানা কার্যালয়সমূহ	২১৪৭০০০.০০
০৫.	প্রশিক্ষণ কেন্দ্রসমূহ	৬৯৩৩৯০০.০০
	সর্বমোট=	১৭৮৩৫৩৮০০.০০

কথায় : সতেরো কোটি তিরিশি লক্ষ তেপান্ন হাজার আটশত টাকা মাত্র।

- ১। পরিচালন ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ সংশোধনী মোতাবেক প্রকৃত বিল ভাউচারের মাধ্যমে স্ব-স্ব আর্থিক ক্ষমতার মধ্যে কিংবা যে ক্ষেত্রে উর্ধতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরি আবশ্যিক, সে ক্ষেত্রে ব্যয় মঞ্জুরি গ্রহণপূর্বক বরাদ্দকৃত অর্থ উত্তোলন ও ব্যয় করতে হবে।
- ২। কোন ক্রমেই বেতনভাতাদি খাত ব্যতীত অন্য কোন খাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। অতিরিক্ত ব্যয়ের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তার উপর বর্তাবে। এ ব্যাপারে কর্তৃপক্ষের কোনো দায়-দায়িত্ব থাকবে না।
- ৩। অর্থবছরে ভ্রমণ ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থের মধ্যে ভ্রমণ করে বিল দাখিল/উত্তোলন করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত বিল দাখিল, অনুমোদন এবং বিল প্রদান করা যাবে না।
- ৪। এ বরাদ্দকৃত অর্থ হতে যুব উন্নয়ন অধিদপ্তর-এর কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতাদি ও অন্যান্য খাতের দাবীকৃত বকেয়া সরকারি বিধি মোতাবেক ব্যয় করা যাবে এবং বেতন-ভাতাদি খাতে বরাদ্দকৃত অর্থ হতে ইতোপূর্বে অতিরিক্ত ব্যয়িত অর্থ সমন্বয় করা যাবে।
- ৫। ইহা মূল বাজেট বিভাজনের অতিরিক্ত হিসেবে গণ্য হবে।
- ৬। উক্ত বাজেট যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ কার্যালয়ভিত্তিক অর্থনৈতিক কোডওয়ারি বাজেট বিভাজন-১১৬(একশ ষোল) পাতা।


  
আ,ন,আইয়দ আলী (যুগ্মসচিব)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন- ৯৫৫০৮৬৩।

প্রাপক :

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -----(সকল) বিভাগ।
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----(সকল) জেলা।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----(সকল) উপজেলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাঃ-২/যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-২৩ শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (বাজেট বিভাজন ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৮। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) জেলা।
- ০৯। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (১০টি) কেন্দ্র।
- ১০। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ১১। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (১১টি) কেন্দ্র।
- ১২। সহকারী পরিচালক, আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা/ সিলেট/ রাজশাহী/যশোর।
- ১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) উপজেলা, ----- জেলা।
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। অফিস কপি।

  
(মোঃ আলী আশরাফ)  
সহকারী পরিচালক(অর্থ ও অডিট)  
ফোন-৯৫৫৩৩৪২